



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd;

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/২০১৯/২৫৪

তারিখঃ ০৭ শ্রাবন ১৪২৬ বঙ্গাব্দ
২২ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষগণের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। উক্ত রেজিস্ট্রেশন প্রক্রিয়া আগামী ৩১/০৭/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি সংক্রান্ত ওয়েব-সাইট এ (www.xiclassadmission.gov.bd) লগইন করে আগামী ৩১/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রেশনের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় রেজিস্ট্রেশন কিংবা অন্যকোন উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

যেহেতু অনলাইনে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্যক্রম (eSIF) চলমান তাই টটলিস্ট এর পরিবর্তে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের eSIF এর প্রিন্ট কপি ছাত্র/ছাত্রীদের স্বাক্ষরসহ বই আকারে বাধাই করে পূর্বনির্ধারিত তারিখে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

যেসকল প্রতিষ্ঠান এখনও মোবাইল সিম অত্র শিক্ষা বোর্ড থেকে সংগ্রহ করেননি, সেসকল প্রতিষ্ঠানকে আগামী ২৪/০৭/২০১৯ তারিখে মোবাইল সিম অত্র শিক্ষা বোর্ড হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে :

- ১। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। সংরক্ষণ নথি।